

টাবি এলাকায় নারী লাঞ্ছনার প্রতিবাদে রংপুরে সমাবেশ

■ রংপুর প্রতিনিধি

পহেলা বৈশাখে ঢাকা বিশ্ববিদ্যালয় (টাবি) এলাকায় নারী লাঞ্ছনার প্রতিবাদে শনিবার রংপুরে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও বাংলাদেশ নারীমুক্তি কেন্দ্রের উদ্যোগে দুপুরে রংপুর প্রেসক্লাবের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। পরে সেখানে ছাত্রফ্রন্ট জেলা সভাপতি আহসানুল আরেফিন তিভুর সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাসদ (মার্কসবাদী) জেলা সমন্বয়ক কমরেড আনোয়ার হোসেন বাবলু, জেলা সদস্য পলাশ কান্তি নাগ, ছাত্রফ্রন্ট জেলা ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকনুজ্জামান, রোকন নারীমুক্তি কেন্দ্র রংপুর জেলার অর্থ সম্পাদক কামরুন্নাহার খানম শিপা প্রমুখ।

বক্তারা বলেন, অবিলম্বে সিক্যামেরায় চিহ্নিতসহ সকল অপরাধী গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।